# মে-২০২২ খ্রিস্টাব্দ মাসে অনুষ্ঠিত কাপাসিয়া উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ আমানত হোসেন খান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কাপাসিয়া, গাজীপুর।

সভার তারিখ ঃ ৩১.০৫.২০২২ খ্রি.
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, কাপাসিয়া, গাজীপুর।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি গত সভার কার্যবিবরণীর কোন সংযোজনী/সংশোধনী থাকলে তা জানানোর জন্য উপস্থিত সদস্যদের আহবান জানান। সদস্যদের নিকট হতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়করণ করা হয়। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার আলোচ্যসূচী ভিত্তিক আলোচনা উপস্থাপন করলে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ

"পরিশিষ্ট ক"

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ জনাব এ.কে.এম গোলাম মোর্শেদ খান, উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর উপস্থিত সকলকে বিগত সভার সিদ্ধান্ত পাঠ করে শুনান এবং কোন ধরনের সংশোধন বা বিয়োজন না থাকলে বিগত সভার কার্যবিবরণী অনুমোদন করার জন্য সকলকে অনুরোধ করেন। | কোন ধরনের সংশোধন বা বিয়োজন না থাকায় বিগত সভার কার্যবিবরণী অনুমোদন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,কাপাসিয়া, গাজীপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার,কাপাসিয়া, গাজীপুর। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কাপাসিয়া, গাজীপুর বলেন, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে করোনা ভাইরাস নিয়ন্ত্রণে সবাই যাতে মাস্ক পড়ে চলাফেরা করে এই বিষয়ে সকলকে সচেতন থাকার জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সভায় সর্বম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কাপাসিয়া, গাজীপুর তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। সামনে কোরবানীর ঈদ উপলক্ষ্যে কাপাসিয়া উপজেলায় ১০০(একশত)জন খামারীকে গরু মোটাতাজা করণ প্রশিক্ষণ দেয়া হচ্ছে। তাছাড়াও অত্র দপ্তরের বিভিন্ন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করেন। | খামারীরা যাতে সঠিক পদ্ধতিতে গরু মোটাতাজা করেন এ বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |
| ০৪ | উপজেলা কৃষি অফিসার, কাপাসিয়া, গাজীপুর বলেন, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। অত্র উপজেলায় বিসিআইসি ১৬ জন ও বিএডিসি ১৪ জন ডিলার গণের মাসওয়ারী বরাদ্দ অনুযায়ী সার উত্তোলন ও বিতরণ কার্যক্রম সঠিকভাবে সরকারি বিধি অনুযায়ী সার বিক্রয় চলছে বলে সভায় আলোনা করেন। | সার উত্তোলন ও বিতরণ কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার,কাপাসিয়া, গাজীপুর। |
| ০৫ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার বলেন, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) প্রকল্পর আওতায় ধানদিয়া বটতলায় শীতলক্ষ্যা নদীতে খাচায় মাছ চাষের জন্য স্থান ও মৎস্যজিবী নির্ধারণ করা হয়েছে। বরাদ্দ প্রাপ্তির সাপেক্ষ্যে দ্রুত সময়ের মধ্যে মাছ চাষ শুরু করা হবে বলে আলোচনা করা হয়। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | খাচায় মাছ চাষ প্রকল্পটি জরুরি ভিত্তিতে শুরু করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কাপাসিয়া,গাজীপুর। |
| ০৬ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কাপাসিয়া, গাজীপুর বলেন, ১। রায়েদ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র জমির সীমানা নিয়ে জটিলতা ছিল। সীমানা জটিলতা সমাধানের জন্য জমির দলিল সংগ্রহ করা হয়েছে। তাই জরুরী ভিত্তিতে সীমানা নির্ধারণসহ জমি পরিমাপ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন এবং মানবিক সহায়তা তহবিলে দাতার পরিমান বৃদ্ধি করার জন্য কাপাসিয়া উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদেরকে অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় প্রাথমিক শিক্ষা অফিসারকে অবহিত করেন। | রায়েদ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র দুটি আংশিক সীমানা নির্ধারনকরণ এবং মানবিক সহায়তা তহবিলে দাতার পরিমান বৃদ্ধির জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। সহকারী কমিশনার (ভূমি), কাপাসিয়া, গাজীপুর। ২। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কাপাসিয়া, গাজীপুর ৩। উপজেলা শিক্ষা অফিয়ার, কাপাসিয়া, গাজীপুর। |
| ০৭ | উপজেলা সমাজসেবা অফিসার, কাপাসিয়া, গাজীপুর তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে মর্মে জানান। এছাড়া তিনি আরো জানান যে, কাপাসিয়া উপজেলায় বীর মুক্তিযোদ্ধাদের ২য় ধাপে বীর নিবাস নির্মানের জন্য ৯৭টি ঘরের বরাদ্দ পাওয়া গেছে জরুরি ভিত্তিতে টেন্ডার কল করা হবে। | ২য় পর্যায়ে অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের বীর নিবাস নির্মাণের ৯৭টি ঘর জরুরি ভিত্তিতে টেন্ডার করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর। ২। উপজেলা সমাজসেবা অফিসার, |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা সমাজসেবা কার্যালয়ের দাবীর প্রেক্ষিতে মাধ্যমিক শিক্ষা অফিসের নিচ তলায় একটি কক্ষ বরাদ্দ প্রদান করা হয়। কক্ষটি কার্যালয় হতে দূরে হওয়ায় ও বাথরুম না থাকায় এবং সেবা গ্রহীতাগণ চিনতে অসুবিধা হওয়ায় স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। উপজেলা হিসাবরক্ষণ অফিসের আদলে বর্তমান কার্যালয় সংলগ্ন কক্ষ স্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন।<br>এছাড়া তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে মর্মে জানান। | বর্তমানে সমাজসেবা কার্যালয়ের পিছনে একটি রুম করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | কাপাসিয়া, গাজীপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী, কাপাসিয়া, গাজীপুর। |
| ০৮ | উপজেলা সমবায় অফিসার বলেন, সমবায় অফিসের মাধ্যমে গত দুই মাসে ১২০ জন সমবায়ীকে প্লাম্বিং, টেইলারিং এর উপরে প্রশিক্ষন দেয়া হয়েছে। এছাড়া তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলমান রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সভায় সর্বম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমবায় অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |
| ০৯ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাপাসিয়া, গাজীপুর বলেন যে,<br>১। ২০১৯-২০ অর্থ বছরের সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৮৬ টি নলকূপের মধ্যে ২৮৬ টি নলকূপের বোরিংয়ের কাজ সম্পন্ন হয়েছে। প্লাট ফরমের কাজ ২৬০টি শেষ হয়েছে। অবশিষ্ট কাজ চলমান রয়েছে।<br>২। ২০২০-২১ অর্থ বছরের সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৮৬ টি নলকূপের মধ্যে ২০০ টি নলকূপের বরিংয়ের কাজ সম্পন্ন হয়েছে । বাকী বোরিং ও প্লাট ফরমের কাজ চলমান রয়েছে।<br>৩। ২০২১-২২ অর্থ বছরের সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৮৬টি নলকুপের কাজ শুরু হয়েছে। উপজেলা পরিষদের ১৪৩টির সাইট লিস্ট এখনও পাওয়া যায়নি।<br>৪। মুজিববর্ষ উপলক্ষে গ্রহহীন পরিবারের জন্য (৮+৫)= ১৩টি নলকুপের কাজ শেষ হয়েছে।<br>৫। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ২০টি বিদ্যালয়ের মধ্যে ১২টি বিদ্যালয়ে ওয়াশ ব্লক এর কাজ শুরু হয়েছে।<br>৫। পিইডিপি-৪ প্রকল্পের ১১টি বিদ্যালয়ে হাত ধোয়ার বেসিনসহ সাবমারসিবল পাম্পযুক্ত নলকুপের কাজ শেষ হয়েছে।<br>৬। সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় রুরাল ওয়াটার সাপ্লাই কাজের সম্ভাব্যতা যাচাই কাজ চলমান।<br>৭। সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৮টি কমিউনিটি ভিত্তিক ওয়াটার সাপ্লাই কাজ শুরু হবে।<br>৬। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় আর্সেনিক পরীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য ১১টি ইউনিয়নে ৬ জন করে মোট ৬৬ জন টেস্টার এর মাধ্যমে প্রায় ২২০০০ নলকুপের আর্সেনিক পরীক্ষা শেষ হয়েছে বলে সভায় অবহিত করেন। | ২০২০-২১ অর্থ বছরের বরাদ্দকৃত নলকূপগুলোর প্লাট ফরমের কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ এবং ২০২১-২২ অর্থ বছরে উপজেলা পরিষদের ১৪৩টি সাইট লিস্ট দ্রুত সময়ের মধ্যে প্রেরণ করার জন্য সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, কাপাসিয়া, গাজীপুর। |
| ১১ | উপজেলা প্রকৌশলী, কাপাসিয়া, গাজীপুর জানান, পিইডিপি-৪ এর আওতায় উত্তরখামের সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং গিয়াসপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় নির্মাণ কাজ সম্প্রসারনের জন্য ২০/০৬/২০২১ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। কিন্তু বিদ্যালয়ের সাইট নিয়ে জটিলতা থাকায় অদ্যবদি সংশ্লিষ্ট ঠিকাদারকে সাইট দুটি হস্তান্তর সম্ভব হয় নাই। সেহেতু কাজের চুক্তি বাতিল করে ঠিকাদারের জামানত ফেরত দেওয়ার জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন।<br>এছাড়া ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) সমস্ত কাজ ৩০ শে জুন ২০২২ এর মধ্যে শেষ করার জন্য সকল ঠিকাদারকে পত্র ও কার্যাদেশ দেয়া হয়েছে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করেন (পরিশিষ্ট "ক" তে এডিপি তালিকা সংযুক্ত )।<br>তিনি আরো জানান, কাপাসিয়া টু খিরাটি রাস্তায় চারটি ব্রীজের কাজ চলমান আছে। ব্রীজের দুই পাশে রাস্তার গাছগুলো কাটার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | পিইডিপি-৪ এর আওতায় উত্তরখামের সরকারী প্রাথমিক বিদ্যালয় ও গিয়াসপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় নির্মাণ কাজ সম্প্রসারন কাজের চুক্তি বাতিল করে ঠিকাদারকে জামানত ফেরত দেওয়া এবং সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) সমস্ত কাজ ৩০ শে জুন ২০২২ এর মধ্যে শেষ করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদাকে পত্র দেয়ার জন্য সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br><br>ব্রীজ নির্মাণের স্বার্থে রাস্তার দুই পাশের গাছগুলো সরকারি বিধি অনুযায়ী মেনে কর্তন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী, কাপাসিয়া, গাজীপুর। |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বলেন তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া তার দপ্তরের নিম্নে বর্ণিত কার্যক্রমসমূহ তিনি সভাকে অবহিত করেন।<br>ক্রমিক \| কর্মসূচি/প্রকল্পের \| খেলাপী \| খেলাপী \| মোট প্রাপ্ত | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |

| নং | নাম | ঋণের আসল টাকা | ঋণের বকেয়া টাকা | টাকা (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|
| ০১ | আবর্তক কর্মসূচী | ৩৩.৫০ | ২৯.৪৮ | ৬২.৯৮ |
| ০২ | মহিলা উন্নয়ন কর্মসূচী | ২১.৯৩ | ১০.২৫ | ৩২.১৮ |
| ০৩ | সদাবিক কর্মসূচী | ৩০.০০ | ২৬.৪০ | ৫৬.৪০ |
| ০৪ | পদাবিক কর্মসূচী | ৯৯.২৭ | ৫৭.০০ | ১৫৬.২৭ |
| ০৫ | পল্লী প্রগতি কর্মসূচী | ২৫.৩৩ | ২৪.৬৪ | ৪৯.৯৭ |
| ০৬ | শস্য ঋণ | ৩.৪৭ | ২.৯৫ | ৬.৪২ |
| ০৭ | বীর মুক্তিযোদ্ধা | ৬.৯৫ | ৫.৫৬ | ১২.৫১ |
| ০৮ | অপ্রধান শস্য কর্মসূচী | ০.৯৭ | ০.১০ | ১.০৭ |

| | | | |
|---|---|---|---|
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা , কাপাসিয়া, গাজীপুর বলেন যে, তার দপ্তরের সকল কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কাপাসয়া, গাজীপুর। |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিষয়ভিত্তিক কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরন নিম্নরুপ ঃ (নিচের সারণি দ্রষ্টব্য) | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর। |

| ক্রমিক নং | বিষয় | পরিবারভিত্তিক কর্মসূচী | | ক্রমপুঞ্জিত হিসাব | আত্মকর্মসংস্থান | | ক্রমপুঞ্জিত হিসাব |
|---|---|---|---|---|---|---|---|
| | | চলতি মাসের হিসাব | ২০২১-২২ অর্থ বছরের ক্রমপুঞ্জিত হিসাব | | চলতি মাসের হিসাব | ২০২১-২২ অর্থ বছরের ক্রমপুঞ্জিত হিসাব | |
| | | ০০ | ৪,২০,০০০/- | | ১৭ | ১৩,৫০,০০০/- | |
| ০১ | ঋণ বিতরণ | ০০ জন | ৩৫ জন | ১,০৭৯,২৭,০০০/- | ৬৩ জন | ১৭৬ জন | ২,১৯,০৭,০০০/- |
| ০২ | ট্রেনিং (০৭ দিন মেয়াদি) | ০০ জন | ৩৫ জন | ১০৩৪৬ | ০৫ জন | ২৫ জন | ৬৬৫৪ |
| ০৩ | আত্মকর্ম | ০০ | ০০ | ১০৩৪৬ | ০০ | ০০ টি | ৩৫১৩ |
| ০৪ | যুব সমিতি | ০০ | ০০ | ০০ | ৩০ জন | ১১৩ জন | ৬০ |
| ০৫ | প্রশিক্ষনার্থীদের মাঝে সনদ বিতরন। | | | | | | ৬৫৯১ |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | উপজেলা শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া তিনি বলেন, জানুয়ারী থেকে সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে করোনা বিধিনিষেধ মেনে ক্লাস কার্যক্রম শুরু হয়েছে বলে সভায় বিস্তারিত আলোচনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর |
| ১৬ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর বলেন যে, তার দপ্তরের যাবতীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর |
| ১৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, এসএসসি, দাখিল ও সমমান পরীক্ষা আগামী ১৯ জুন ২০২২ তারিখ হতে শুরু হবে। কাপাসিয়া উপজেলায় উক্ত পরীক্ষা সুষ্ঠ ও সুন্দর পরিবেশে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করে সভায় বিস্তারিত আলোচনা করেন। | এসএসসি, দাখিল ও সমমান পরীক্ষা ২০২২ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |
| ১৯ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, কাপাসিয়া, গাজীপুর এর উপজেলা সমন্বয়কারী বলেন যে, তার অফিসের উত্তরপাশে দুইটি অকেজো টয়লেটসহ টাংকি রয়েছে যা দীর্ঘদিন যাবৎ ব্যবহার হচ্ছে না। জরাজীর্ন টয়লেটসহ টাংকি জরুরীভিত্তিতে কনডেম ঘোষণা করে অপসারন করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন। | পল্লী সঞ্চয় ব্যাংক এর উত্তরপাশে অকেজো টয়লেটসহ টাংকি জরুরীভিত্তিতে কনডেম ঘোষণা করার জন্য উপজেলা প্রকৌশলী, কাপাসিয়া, গাজীপুর সরেজমিন পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমন্বয়কারী, পল্লী সঞ্চয় ব্যাংক, কাপাসিয়া, গাজীপুর। ২। উপজেলা প্রকৌশলী, কাপাসিয়া, গাজীপুর। |
| ২০ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর বলেন, তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে বলে | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর। |

| | | | |
|---|---|---|---|
| | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | হয়।। | ২। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর। |
| ২১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর বলেন, কাপাসিয়া উপজেলার কবিরের বাজার, আড়াল রাস্তা হতে হাতিরদিয়া পর্যন্ত রাস্তায় সরকারি গাছ আছে যা দীর্ঘদিন যাবৎ মরে পড়ে আছে। কিছু সংখ্যক লোক সেগুলো কেটে নিয়ে যাচ্ছে। জরুরী ভিত্তিতে বিট কর্মকর্তাকে মরা গাছগুলো নাম্বার ও মার্কিং করে মূল্য নির্ধারণ করে বিক্রির ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করেন।<br>তিনি আরো বলেন, বিভিন্ন ইউনিয়ন হতে বার্ষিক কর্মসূচীর (এডিপি) আওতায় নিম্লোক্ত প্রকল্প পাওয়া গেছে। প্রকল্পগুলো নিম্নরুপঃ<br>১। বারিষাব বানারহাওলা তাজউদ্দিনের বাড়ির নিকট ইটের সলিং হতে হেলালের বাড়ির জামে মসজিদের অভিমুখে ইট সলিং করণ।<br>২। বারিষাব ডাওরা জে.বি সরকারি প্রাথমিক বিদ্যালয় পূর্ব পাশের ইটের রাস্তা হতে গিয়াসপুর বাজার অভিমুখে ইট সলিং করন।<br>৩। বেহাইদুয়ার উত্তরপাড়া মুক্তিযোদ্ধা চানমিয়ার বাড়ির নিকট হতে হাফিজউদ্দিনের বাড়ির অভিমুখে রাস্তা ইটের সলিং করণ।<br>৪। তরুন ফেলাল উদ্দিনের বাড়ির পাকা রাস্তা হতে আব্দুল হাই এর বাড়ির অভিমুখে রাস্তা ইট সলিং করণ।<br>৫। রাউৎকোনা বাইপাস রোড জসিমের বাড়ির নিকট বক্স কালভার্ট নির্মাণ করন।<br>৬। পাবুর মা ও শিশু স্বাস্থ্য কেন্দ্রের আবাসিক ভবন সংস্কার ও মেরামত।<br>৭। বরুন আদিরটেক বাবুলের বাড়ি হতে বড়কুশিয়া আজিমুনের রাস্তা ইটের সলিং করণ।<br>৮। বড়হর মারুলিয়াপাড়া মোতালিবের বাড়ি হইতে রফিকুলের বাড়ি অভিমুখী রাস্তা ইট সলিং।<br>৯। রায়েদ পূর্বপাড়া রেনু ডাক্তারের বাড়ির উত্তর হইতে চিনু ডাক্তারের বাড়ি অভিমুখী রাস্তা ইট সলিং করণ।<br>১০। বাল্য বিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে জনসচেতনামূলক ক্যাম্পেইন।<br>১১। প্রানিসম্পদে অগ্রহী উদ্যোগতাদের খামার স্থাপন বিষয়ক মৌলিক প্রশিক্ষন কোর্স।<br>১২। শীতলক্ষা নদীতে খাচায় মাছ চাষ প্রদর্শণী।<br>১৩। উন্মুক্ত জলাশয়ে পোনা অবমুক্ত করণ।<br>১৪। বরুন গ্রামের ফজলুল হক করিমের বাড়ি হতে রশিদ মোড়লের বাড়ি পর্যন্ত ইটের সলিং করণ।<br>১৫। কান্দানিয়া মৃত শাহাজউদ্দিন মোড়লের বাড়ির সংলগ্ন ব্রীজের মোড় হতে কবি মোড়লের বাড়ি অভিমুখী রাস্তা ইটের সলিং করণ।<br>১৬। খিরাটি কফিলউদ্দিনের বাড়ি হতে বাবলু মাস্টারের বাড়ি অভিমুখী রাস্তা ইটের সলিং।<br>১৭। মৈশন মিয়া বাড়ি হতে মিয়া বাড়ি গোরস্থান পর্যন্ত রাস্তা ইটের সলিং করণ।<br>১৮। তরগাঁও নবীপুর ০৩ নং ওয়ার্ড সজিবের বাড়ি পাশে ইটের সিলং হতে কামালের বাড়ির পাশে মসজিদ অভিমুখে রাস্তা ইটে সলিং করণ।<br>১৯। তরগাঁও লাহুরী সাহিদ সিকদারের বাড়ির পাশের ইটের সলিং হতে তরগাঁও আকতারুজ্জামান মাস্টারের বাড়ি অভিমুখে রাস্তা ইটের সলিং করণ।<br>২০। ঘোসেরকান্দি দরর্জী বাড়ি মোড় হতে দরজী বাড়ি সমজিদ অভিমুখী রাস্তা ইটের সলিং করণ।<br>২১। টোক নগর জামিয়া কারিমিয়া মদিনাতুল উলুম মাদ্রাসার উন্নয়ন।<br>২২। সিংহশ্রী এমবি দাখিল মাদ্রাসা হতে আব্দুল হাই মাস্টারের বাড়ি অভিমুখী রাস্তা ইটের সলিং করণ।<br>২৩। হাড়িয়াদি বাজিত আলীর হতে তালুকদার বাড়ির অভিমুখে রাস্তা ইটের সলিং করণ। | ১। বারিষাব বানারহাওলা তাজউদ্দিনের বাড়ির নিকট ইটের সলিং হতে হেলালের বাড়ির জামে মসজিদের অভিমুখে ইট সলিং করণ।<br>২। বারিষাব ডাওরা জে.বি সরকারি প্রাথমিক বিদ্যালয় পূর্ব পাশের ইটের রাস্তা হতে গিয়াসপুর বাজার অভিমুখে ইট সলিং করন।<br>৩। বেহাইদুয়ার উত্তরপাড়া মুক্তিযোদ্ধা চানমিয়ার বাড়ির নিকট হতে হাফিজউদ্দিনের বাড়ির অভিমুখে রাস্তা ইটের সলিং করণ।<br>৪। তরুন ফেলাল উদ্দিনের বাড়ির পাকা রাস্তা হতে আব্দুল হাই এর বাড়ির অভিমুখে রাস্তা ইট সলিং করণ।<br>৫। রাউৎকোনা বাইপাস রোড জসিমের বাড়ির নিকট হতে বক্স মসজিদের অসম্পুর্ণ কাজ সমাপ্ত করন।<br>৬। পাবুর মা ও শিশু স্বাস্থ্য কেন্দ্রের আবাসিক ভবন সংস্কার ও মেরামত।<br>৭। বরুন আদিরটেক বাবুলের বাড়ি হতে বড়কুশিয়া আজিমুনের রাস্তা ইটের সলিং করণ।<br>৮। বড়হর মারুলিয়াপাড়া মোতালিবের বাড়ি হইতে রফিকুলের বাড়ি অভিমুখী রাস্তা ইট সলিং।<br>৯। রায়েদ পূর্বপাড়া রেনু ডাক্তারের বাড়ির উত্তর হইতে চিনু ডাক্তারের বাড়ি অভিমুখী রাস্তা ইট সলিং করণ।<br>১০। বাল্য বিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে জনসচেতনামূলক ক্যাম্পেইন।<br>১১। প্রানিসম্পদে অগ্রহী উদ্যোগতাদের খামার স্থাপন বিষয়ক মৌলিক প্রশিক্ষন কোর্স।<br>১২। শীতলক্ষা নদীতে খাচায় মাছ চাষ প্রদর্শণী।<br>১৩। উন্মুক্ত জলাশয়ে পোনা অবমুক্ত করণ।<br>১৪। বরুন গ্রামের ফজলুল হক করিমের বাড়ি হতে রশিদ মোড়লের বাড়ি পর্যন্ত ইটের সলিং করণ।<br>১৫। কান্দানিয়া মৃত শাহাজউদ্দিন মোড়লের বাড়ির সংলগ্ন ব্রীজের মোড় হতে কবি মোড়লের বাড়ি অভিমুখী রাস্তা ইটের সলিং করণ।<br>১৬। খিরাটি কফিলউদ্দিনের বাড়ি হতে বাবলু মাস্টারের বাড়ি অভিমুখী রাস্তা ইটের সলিং।<br>১৭। মৈশন মিয়া বাড়ি হতে মিয়া বাড়ি গোরস্থান পর্যন্ত রাস্তা ইটের সলিং করণ।<br>১৮। তরগাঁও নবীপুর ০৩ নং ওয়ার্ড সজিবের বাড়ি পাশে ইটের সিলং হতে কামালের বাড়ির পাশে মসজিদ অভিমুখে রাস্তা ইটে সলিং করণ।<br>১৯। তরগাঁও লাহুরী সাহিদ সিকদারের বাড়ির পাশের ইটের সলিং হতে তরগাঁও আকতারুজ্জামান মাস্টারের বাড়ি অভিমুখে রাস্তা ইটের সলিং করণ।<br>২০। ঘোসেরকান্দি দরর্জী বাড়ি মোড় হতে | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।<br>২। বিট কর্মকর্তা, রাজেন্দ্রপুর রেঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | | সরেজমিন পরিদর্শন করে সরকারী নীতিমালা অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করতঃ টেন্ডার, আরএফকিউ ও পিআইসির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২২ | উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর বলেন বঙ্গবন্ধু ও বঙ্গমাতা জাতীয় গোল্ডকাপ ফোটবল টুর্নামেন্ট অনুর্ধ্ব-১৭ বালক ও বালিকারা কাপাসিয়া উপজেলা গাজীপুরের মধ্যে ফাইনালে উঠেছে উপস্থিত সভায় সকল সদস্যগণ উক্ত খেলায় আমন্ত্রণ জানানো হয়। তিনি আরো বলেন অত্র উপজেলায় বিসিআইসি ১৬ জন ও বিএডিসি ১৪ জন ডিলার রয়েছে যাদেরকে নিয়ে উপজেলা কৃষি অফিসারসহ সভা করা হয়েছে যাতে সরকারের সার নিয়ে কোন ধরণের কারসাজি না হয়। ১ কেজি সার সরকার ক্রয় করে ৯৮ টাকায় আর কৃষকর মাঝে বিক্রয় করে ১৬ টাকায় প্রতি কেজি সারে সরকার ভর্তুকী দিচ্ছে ৮২ টাকা করে। এ উপজেলায় প্রতিটি ইউনিয়নে সার ডিলার/খুচরা সার বিক্রেতাগণকে মনিটরিং বা তদারকি করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদের অনুরোধ করেন যেন প্রন্তিক কৃষকরা সারের সুফল ভোগ করতে পারেন।<br>কাপাসিয়া উপজেলায় ১ম পর্যায়ে বীর মুক্তিযোদ্ধাদের জন্য বীরনিবাস প্রকল্পের মাধ্যমে ১১টি ঘরের বরাদ্দ পাওয়া যায়। ঘরগুলোর কাজ প্রায় শেষ। পরবর্তীতে ২য পর্যায়ে আরো ৯৭টি ঘরের বরাদ্দ আসছে খুবদ্রুত সময়ের মধ্যে টেন্ডার আহ্বান করা হবে।<br>কাপাসিয়া উপজেলায় মাননীয় প্রধানমন্ত্রী গত ২৭ এপিল ২০২২ তারিখ আশ্রয়ণ প্রকল্পের ৪৫টি ঘর শুভ উদ্ভোধনের মাধ্যমে ভূমি হীনদের মাঝে বিতরণ করেন। পরবর্তীতে আরো ১৬১ টি ঘরের বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত ঘর নির্মানের জন্য খাস জমি বের করা হচ্ছে। ২টি ইউনিয়নের খাস জমি পাওয়া গেছে। জরুরি ভিত্তিতে কাজ শুরু হবে বলে সভায় বিস্তারিত আলোচনা করেন। | কাপাসিয়া উপজেলায় ২য় পর্যায়ে বীর মুক্তিযোদ্ধাদের জন্য বীরনিবাস প্রকল্পের মাধ্যমে ৯৭টি ঘরের টেন্ডার আহ্বান করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কাপাসিয়া উপজেলায় ২য় পর্যায়ে ১৬১ টি ঘরের ঘর নির্মানের জন্য খাস জমি বের করে জরুরি ভিত্তিতে কাজ শুরু করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>২। সহকারী কমিশনার (ভূমি), কাপাসিয়া, গাজীপুর।<br>৩। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, কাপাসিয়া, গাজীপুর। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আমানত হোসেন খান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কাপাসিয়া, গাজীপুর।

স্মারক নং- ০৫.৪১.৩৩৩৬.০০০.৯৯.০২৫.২২-

তারিখ ঃ ৩১/০৫/২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

১। জনাব সিমিন হোসেন রিমি, মাননীয় সংসদ সদস্য, গাজীপুর-৪ ও সভাপতি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
২। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, গাজীপুর।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, গাজীপুর।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া,গাজীপুর।
৭। উপজেলা ............................................অফিসার, কাপাসিয়া, গাজীপুর।
৮। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।
০৯। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
কাপাসিয়া,গাজীপুর।
ফোন-০২৯২০৮৩৬৯
unokapasia@mopa.gov.bd